# জেলা পরিষদ
# নারায়ণগঞ্জ

স্মারক নং-জেঃপঃ/নাঃগঞ্জ/প্রকৌঃ/৫৫/২০২৩-২০২৪/ ৬৫ তারিখঃ ০৭-০৪-২০২৫ খ্রি.

বিষয়: নারায়ণগঞ্জ জেলা পরিষদের ২০২৩-২০২৪ অর্থবছরের এডিপি (বিশেষ) তহবিলের আওতায় গৃহীত প্রকল্পের প্রশাসনিক অনুমোদন সংক্রান্ত।

সূত্র : জেঃপঃ/নাঃগঞ্জ ৫০ সাঃপ্রঃ/২০২১-২০২২/২৬৮

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নারায়ণগঞ্জ জেলা পরিষদের ২০২৩-২০২৪ অর্থবছরের এডিপি (বিশেষ) তহবিলের আওতায় নারায়ণগঞ্জ-৪ ও নারায়ণগঞ্জ-২ আসনের সাবেক এমপিদ্বয়ের অনুকূলে যথাক্রমে ২ কোটি ও ৫০ লক্ষ মোট ২,৫০,০০,০০০/- টাকা (দুই কোটি পঞ্চাশ লক্ষ টাকা) বরাদ্দ পাওয়া যায়। উক্ত ২,৫০,০০,০০০/- টাকার প্রকল্প অদ্যবধি গ্রহন করা হয়নি। উক্ত ২,৫০,০০,০০০/- টাকা এডিপি (বিশেষ) বরাদ্দের বিপরীতে উপজেলা নির্বাহী অফিসার, নারায়ণগঞ্জ সদর ও আড়াইহাজার হতে প্রাপ্ত তালিকা ও এ দপ্তরে প্রাপ্ত সাধারন জনগনের আবেদনসমূহ যাচাই- বাছাই পূর্বক উক্ত তহবিলের আওতায় ১১টি প্রকল্পের/স্কীমের একটি তালিকা প্রনয়ণ করা হয়েছে। প্রকল্পসমূহ ১৬/০৩/২০২৫ তারিখের জেলা পরিষদের ৬ষ্ঠ উন্নয়ন ও সমন্বয় সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত হয় এবং তা অনুমোদনের জন্য স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

এমতাবস্থায়, নারায়ণগঞ্জ জেলা পরিষদের ২০২৩-২০২৪ অর্থবছরের এডিপি (বিশেষ) তহবিলের আওতায় ২,৫০,০০,০০০/- টাকা (দুই কোটি পঞ্চাশ লক্ষ টাকা) প্রাক্কলিত ব্যয়ে গৃহীত ১১টি প্রকল্প/স্কীম বাস্তবায়নের নিমিত্ত প্রশাসনিক অনুমোদন প্রদানের জন্য সবিনয় অনুরোধসহ সভার কার্যবিবরণী, প্রকল্প তালিকা ও প্রাক্কলনসমূহ এতদ্সঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্ত ১। জেলা পরিষদের ৬ষ্ঠ উন্নয়ন ও সমন্বয় সভার কার্যবিবরণী ০১ (এক) সেট)।
২। প্রকল্প তালিকা ০১ (এক) সেট।
৩। ৫.০০ (পাঁচ লক্ষ) টাকার উর্ধ্বের প্রকল্পসমূহের প্রাক্কলন ১১ (এগার) সেট।

৭/৪/২৫
(হোসনে আরা বেগম)
প্রধান নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত)
জেলা পরিষদ, নারায়ণগঞ্জ
Email:zpnarayanganj@gmail.com

স্থানীয় সরকার বিভাগ, নগর ভবন, ঢাকা
গ্রহণ ও প্রেরণ শাখা
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সচিব
স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

দৃঃ আঃ উপ-সচিব (জেলা পরিষদ শাখা)
স্থানীয় সরকার বিভাগ

অনুলিপি: সদয় অবগতির জন্য-

১। পরিচালক, স্থানীয় সরকার, ঢাকা বিভাগ, ঢাকা;
২। প্রশাসক, জেলা পরিষদ, নারায়ণগঞ্জ এবং
৩। অফিস কপি।

CamScanner

নারায়ণগঞ্জ জেলা পরিষদের ১৬ - ০৩ - ২০২৫ তারিখের উন্নয়ন ও সমন্বয় সভায় ২০২৩-২০২৪ অর্থবছরের এডিপি (বিশেষ) বরাদ্দ (সাবেক সংসদ সদস্য নারায়ণগঞ্জ-৪ ও নারায়ণগঞ্জ-২ এর অনুকূলে প্রাপ্ত বরাদ্দ) দ্বারা গৃহীত প্রকল্পের তালিকা

| ক্রমিক নং | উপজেলা | প্রকল্পের নাম | প্রাক্কলিত ব্যয় | বাস্তবায়ন পদ্ধতি | প্রকল্পের সুপারিশকারী | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | সদর | সদর উপজেলাধীন কুতুবপুর ইউনিয়নের ৫নং ওয়ার্ডে শান্তিকুঞ্জ আবাসিক এলাকায় মাসুদ সাহেবের বাড়ী হতে সাংবাদিক জাকির সাহেবের প্লট পর্যন্ত সড়ক ড্রেনসহ আরসিসিকরণ। | ৪,২৫০,০০০.০০ | বাধ্যতামূলক | উপজেলা নির্বাহী অফিসার, সদর | বাধ্যতামূলক |
| ২ | সদর | সদর উপজেলাধীন ডন চেম্বার কালেক্টরেট পাবলিক স্কুলের ১ম তলা বিশিষ্ট ভবন নির্মাণ। | ৪,৯৫০,০০০.০০ | টেন্ডার | পরিষদের সিদ্ধান্ত | ঐচ্ছিক |
| ৩ | সদর | সদর উপজেলাধীন নারায়ণগঞ্জ পুলিশ লাইন স্কুলের অবকাঠামো সংস্কারসহ উন্নয়ন। | ৮০০,০০০.০০ | টেন্ডার | ঐ | ঐচ্ছিক |
| ৪ | সদর | সদর উপজেলাধীন মুসলিমনগর বায়তুল আমান সরকারি শিশু পরিবার এর দক্ষিণ পাশের সীমানা প্রাচীর পুন:নির্মাণ। | ৬০০,০০০.০০ | টেন্ডার | ঐ | ঐচ্ছিক |
| ৫ | সদর | সদর উপজেলাধীন জেলা পরিষদ ভবন মেরামত, সংস্কার, আসবাবপত্র ক্রয়। | ৩,০০০,০০০.০০ | টেন্ডার | ঐ | ঐচ্ছিক |
| ৬ | সদর | সদর উপজেলাধীন ডিসি কালেক্টরেট জামে মসজিদ উন্নয়ন। | ২,০০০,০০০.০০ | টেন্ডার | ঐ | ঐচ্ছিক |
| ৭ | সদর | সদর উপজেলাধীন পশ্চিম তল্লা আফজাল সাহেবের বাড়ী হতে মজিবর সাহেবের বাড়ী পর্যন্ত ড্রেন সহ রাস্তা নির্মাণ। | ২,৭০০,০০০.০০ | টেন্ডার | ঐ | বাধ্যতামূলক |
| ৮ | সদর | সদর উপজেলাধীন নারায়ণগঞ্জ জেলার গোয়েন্দা শাখার ৪র্থ তলায় অফিসার ও ফোর্সদের অফিস কক্ষ নির্মাণ। | ১,২০০,০০০.০০ | টেন্ডার | ঐ | বাধ্যতামূলক |
| ৯ | সদর | সদর উপজেলাধীন পূর্ব- দক্ষিণ দেলপাড়া রনি সাহেব বাড়ী সংলগ্ন একটি সাবমারসিবল গভীর নলকূপ স্থাপন। | ৫০০,০০০.০০ | টেন্ডার | ঐ | ঐচ্ছিক |
| ১০ | আড়াইহাজার | আড়াইহাজার উপজেলাধীন দয়াকান্দা কেন্দ্রিয় ঈদগাহ মাঠের উন্নয়ন। | ১,০০০,০০০.০০ | টেন্ডার | পরিষদের সিদ্ধান্ত | ঐচ্ছিক |
| ১১ | আড়াইহাজার | আড়াইহাজার উপজেলাধীন জেলা পরিষদের মালিকনাধীন আড়াইহাজার অডিটোরিয়াম মেরামত ও সংস্কার। | ৪,০০০,০০০.০০ | টেন্ডার | ঐ | ঐচ্ছিক |
| | | | ২৫,০০০,০০০.০০ | (দুই কোটি পঞ্চাশ লক্ষ টাকা ) | | |

হোসনে আরা বেগম
নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, নারায়ণগঞ্জ।

মোহাম্মদ জাহিদুল ইসলাম মিঞা
প্রশাসক
জেলা পরিষদ, নারায়ণগঞ্জ



CamScanner